

হাওড়া জেলা পরিষদ

১০, বিপ্লবী হরণ ঘোষ সরণী, হাওড়া-১

স্মারক সংখ্যা-৩৫০/০৩৪/২১/১৫১-০১

তারিখ- ০৬/১০/২০২১

হাওড়া জেলা পরিষদের পরিচালনাধীন নিম্নোক্ত ফেরীঘাটগুলিতে ৫ বৎসরের মেয়াদে এবং বৎসরান্তে বার্ষিক আমানতের পরিমাণ ১০% বৃদ্ধির শর্তে নৌকায় পারাপার করার লাইসেন্স বিলির জন্য নিম্নলিখিত তারিখে ১১.০০টায় জেলা পরিষদের সভাকক্ষে প্রকাশ্যে নীলাম ডাক (Open Bid Call) করা হবে।

ক্র. নং	ফেরী ঘাটের নাম	মেয়াদ	কোন পঞ্চায়েত সমিতির অন্তর্গত	কোন গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত	নীলাম ডাকের তারিখ	আমানতের পরিমাণ (টাকা)	ন্যূনতম গুরু	ডাক পিছু বাড়ানোর হার
১	৫৮ গেট বুড়ুল ফেরীঘাট	১৬.১০.২০২০ থেকে ১৬.১০.২০২৫	শ্যামপুর-১	বেলাড়ী	১৪.১০.২০২০	৫৫০০০০	১৬০০০০০	৫৫০০০

নীলামে অংশগ্রহণ করার পূর্বে (৭) নং কলমে উল্লিখিত আমানতের পরিমাণ অবশ্যই ব্যাঙ্ক ড্রাফট-এর মাধ্যমে আনতে হবে।

সফল ডাককারীকে জেলা পরিষদের সঙ্গে একটি চুক্তি সম্পাদন করতে হবে। এ বিষয়ে উল্লেখযোগ্য যে সফল ডাককারীকে একটি ১০০ প্যাকস উডেন ভেসেল এবং ২০০ প্যাকস ক্ষমতাসম্পন্ন স্টীল ভেসেল পারাপারের জন্য লীজে দেওয়া হবে।

ভেসেলগুলি চালানোর জন্য মাস্টারের (চালক) বেতন, জ্বালানীর খরচ ও রক্ষণাবেক্ষনের খরচ এবং পরিবহন দপ্তর কর্তৃক মাসিক ভাড়া সর্বোচ্চ ডাককারীকে বহন করতে হবে। ২টি ভেসেলের লীজের সিকিউরিটি ডিপোজিট হিসাবে সর্বোচ্চ ডাককারীকে ১ লক্ষ টাকা জেলা পরিষদে জমা রাখতে হবে। এই অর্থ লীজের মেয়াদ সম্পূর্ণ হলে ফেরৎ দেওয়া হবে।

লীজের মেয়াদ সম্পূর্ণ হলে ভেসেলগুলিকে জেলা পরিষদকে হস্তান্তরিত করতে হবে। যদি ভেসেলগুলির কোন ক্ষতি হয় তবে তার বাবদ অর্থ জেলা পরিষদে জমাকৃত সিকিউরিটি ডিপোজিট থেকে কেটে নেওয়া হবে।

প্রথম বৎসরে নীলামে সর্বোচ্চ ডাকের অর্থ প্রথম বৎসরের জন্য লাইসেন্স ফী হিসাবে ধার্য হবে। দ্বিতীয় বৎসরের লাইসেন্স ফী প্রথম বৎসরের লাইসেন্স ফীর উপর ১০% হারে বর্ধিত হবে, তৃতীয় বৎসরের লাইসেন্স ফী দ্বিতীয় বৎসরের লাইসেন্স ফীর উপর ১০% হারে বৃদ্ধি হবে, চতুর্থ বৎসরে লাইসেন্স ফী তৃতীয় বৎসরের ফীর উপর ১০% হারে বর্ধিত হবে এবং পঞ্চম বৎসরে লাইসেন্স ফী চতুর্থ বৎসরের ফীর উপর ১০% হারে বর্ধিত হবে।

সর্বোচ্চ ডাককারীকে নীলাম ডাকের তারিখ থেকে দুই দিনের মধ্যে প্রথম বৎসরের জন্য লাইসেন্স ফীর পুরা টাকা ব্যাঙ্ক ড্রাফটে জমা দিতে হবে, অন্যথায় আমানত বাবদ জমা দেওয়া টাকা বাজেয়াপ্ত করা হবে। ডাক গ্রহণযোগ্য কি না তা চূড়ান্ত করিবার সম্পূর্ণ অধিকার অত্র জেলা পরিষদের হাতেই থাকবে।

বিশদ বিবরণ অত্র অফিসে এবং ওয়েবসাইটে (www.howrahzillaparishad.in) জানা যাবে।


অতিরিক্ত নির্বাহী আধিকারিক
হাওড়া জেলা পরিষদ

স্মারক সংখ্যা- ৩৩/২৭/০৬৩/স্মা:বিঃপ্রা:লা

তারিখ- ০৫.১০.২০২১

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১. সভাপতি, হাওড়া জেলা পরিষদ
২. সহকারী সভাপতি, হাওড়া জেলা পরিষদ
৩. কর্মাধ্যক্ষ, পূর্ত কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, হাওড়া জেলা পরিষদ
৪. কর্মাধ্যক্ষ, কৃষি, সেচ ও সমবায় স্থায়ী সমিতি, হাওড়া জেলা পরিষদ
৫. এফ সি এন্ড সি এ ও, হাওড়া জেলা পরিষদ
৬. সচিব, হাওড়া জেলা পরিষদ
৭. জিলা বাস্তকার, হাওড়া জেলা পরিষদ
৮. নির্বাহী বাস্তকার, গ্রামোন্নয়ন দপ্তর, হাওড়া জেলা পরিষদ
৯. নির্বাহী আধিকারিক পঞ্চগয়েত সমিতি, তাঁর অঞ্চলে এই বিজ্ঞপ্তির ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হচ্ছে।
১০. সভাপতি, পঞ্চগয়েত সমিতি, তাঁর অঞ্চলে এই বিজ্ঞপ্তির ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হচ্ছে।
১১. প্রধান, গ্রাম পঞ্চগয়েত, তাঁর অঞ্চলে এই বিজ্ঞপ্তির ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হচ্ছে।
১২. সহঃ বাস্তকার হাওড়া জেলা পরিষদ
১৩. অবর সহঃ বাস্তকার হাওড়া জেলা পরিষদ
১৪. থানা আধিকারিক থানা, হাওড়া দুজনকে পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে।
১৫. শ্রী পূর্বতন লাইসেন্সী
১৬. নোটিশ বোর্ড
১৭. ওয়েব সাইট, www.howrahzilaparishad.in


অতিরিক্ত নির্বাহী আধিকারিক
হাওড়া জেলা পরিষদ